# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 14-04-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) পশ্চিমবঙ্গ সহ দেশের নানা প্রান্তে সংবিধানের অন্যতম প্রণেতা ডক্টর বাবাসাহেব ভীম রাও আম্বেদকরের জন্ম দিবস উদযাপিত হচ্ছে।

ওয়াকফ আইনের সংশোধনে দরিদ্র মুসলিমরা উপকৃত হবেন বলে প্রধানমন্ত্রী জানিয়েছেন।

২) সংশোধিত ওয়াকফ আইনের বিরোধিতা নিয়ে আজও রাজ্যের বিভিন্ন জায়গায় থেকে অশান্তির খবর আসছে।

৩) কালীঘাটে নব নির্মিত স্কাইওয়াকের সূচনা করে মুখ্যমন্ত্রী রাজ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানিয়েছেন।

৪) আকাশবাণী কলকাতা কেন্দ্রের সংবাদ বিভাগের প্রাক্তন যুগ্ম অধিকর্তা পার্থ ঘোষ-এর প্রয়াণে সাংবাদিকমহলে শোকের ছায়া।

৫) আজ চৈত্র সংক্রান্তি । আগামীকাল নববর্ষ পালনের প্রস্তুতি চলছে জোরকদমে।

৬) দৃষ্টি প্রতিবন্ধীদের জাতীয় ক্রিকেট প্রতিযোগিতায় বাংলা চ্যাম্পিয়ান হয়েছে।

oooooooooooooooooo

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ দেশের অন্যান্য অংশের সঙ্গে এরাজ্যেও সংবিধানের অন্যতম প্রণেতা ডক্টর বাবাসাহেব ভীম রাও আম্বেদকরের ১৩৫-তম জন্ম দিবস উদযাপিত হচ্ছে। সমাজের দলিত, নিপীড়িত মানুষের সাম্য ও সামাজিক ন্যায়বিচারের জন্য তিনি আজীবন লড়াই করে গেছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সমগ্র জাতি আজ বাবা সাহেবের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করছে। হরিয়ানার হিসারে আজ এক জনসভায় ওয়াকফ আইনের সাম্প্রতিক পরিবর্তনকে সমর্থন করে শ্রী মোদী বলেন, এ থেকে দরিদ্র মুসলিমরা উপকৃত হবেন এবং আদিবাসীদের জমিও সুরক্ষিত রাখা যাবে।

(বাইট – প্রধানমন্ত্রী)

আম্বেদকরের জন্ম বার্ষিকী উপলক্ষে আজ নবান্নে তাঁর ছবিতে এবং বিধানসভা ভবনে বাবা সাহেবের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানানো হয়।

অল ইন্ডিয়া সিডিউল কাস্ট, ট্রাইবাল কাস্ট এন্ড ব্যাকওয়ার্ড ক্লাস কো অর্ডিনেশন কাউন্সিলের তরফে আজ কলকাতায় একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। আয়োজকদের তরফে সংগঠনের চেয়ারম্যান অরুণকুমার হালদার জানান, আধুনিক ভারত গঠনের বি আর আম্বেদকরের অবদান অনস্বীকার্য।

অন্যদিকে, প্রদেশ কংগ্রেস রাজ্যের বিভিন্ন মাধ্যমের সব স্কুলগুলিতে পঞ্চম শ্রেণী থেকে পঠন-পাঠনে ভারতীয় সংবিধানকে একটি পৃথক পাঠ্য হিসেবে পড়ানোর দাবি জানিয়েছে। এই দাবিতে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, রাজ্যপাল, মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীকে চিঠি দিয়েছেন।

ooooooooooooooooooo

সংশোধিত ওয়াকফ আইন এবং তার বিরোধিতা নিয়ে আজও রাজ্যের বিভিন্ন জায়গায় থেকে অশান্তির খবর আসছে। বিজেপি মূর্শিদাবাদে সমাজের একাংশের ওপর আক্রমণের ঘটনায় জড়িতদের উপযুক্ত শাস্তির দাবি জানিয়েছে। বিধানসভার প্রবেশ পথে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই আক্রমণের পেছনে প্ররোচনাকারীদের অবিলম্বে গ্রেফতারের দাবি জানিয়েছেন।

মুর্শিদাবাদে গোষ্ঠী সংঘর্ষে আক্রান্তদের সঙ্গে আজ দেখা করেন বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। দলের জেলা কার্যালয়ে তিনি জানান, মন্ত্রিসভার সদস্য প্রকাশ্যে হিংসা ছড়ানোর হুমকি দিলেও সরকার শুধুমাত্র স্বার্থসিদ্ধির জন্য চোখ বন্ধ করে রেখেছে। রাজ্যে কার্যত যুদ্ধ পরিস্থিতি চলছে বলে অভিযোগ করেন তিনি। গোটা বিষয়টি স্বরাষ্ট্রমন্ত্রীকে রিপোর্ট আকারে জানানো হবে বলেও সুকান্তবাবু মন্তব্য করেন।

(বাইট – সুকান্ত)

উল্লেখ্য, বৈষ্ণবনগরের বিভিন্ন স্কুলে আশ্রয় নেওয়া আক্রান্তদের খাদ্য এবং পানীয় জলের পাশাপাশি প্রয়োজনীয় জিনিষপত্র দেওয়া হচ্ছে। সেখান থেকে শ্রী মজুমদার মোথাবাড়ি গিয়ে আক্রান্তদের সঙ্গে কথা বলেন।

এদিকে, গত ৩৬ ঘণ্টায় মুর্শিদাবাদে কোন অশান্তির ঘটনা ঘটেনি বলে রাজ্য পুলিশ জানিয়েছে। রাজ্য পুলিশের এডিজি আইনশৃঙ্খলা জাভেদ শামীম আজ ভবানী ভবনে এক সাংবাদিক বৈঠকে বলেন, পরিস্থিতি ধীরে ধীরে স্বাভাবিক এর দিকে এগোচ্ছে। অশান্তি ছড়ানোর জন্য এখনও পর্যন্ত গ্রেফতারের সংখ্যা ২-শোর বেশি। কোন ঘটনা না জেনেই বাইরের রাজ্য থেকে গুজব ছড়ানো হচ্ছে বলে তিনি দাবি করেন।

(বাইট – শামীম)

উল্লেখ্য, সামসেরগঞ্জে আজ বি এস এফ-এর দক্ষিণবঙ্গের আইজী রবি গান্ধী, রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার এবং এডিজি সুপ্রতীম সরকার এক প্রশাসনিক বৈঠক করেন। জঙ্গিপুর পুলিশ জেলার কর্তারাও সেখানে উপস্থিত ছিলেন। বিভিন্ন জেলা থেকে ২৩ জন উচ্চ পদস্থ পুলিশ কর্তাকে মুর্শিদাবাদে আনা হয়েছে। বিভিন্ন উপদ্রুত এলাকা তারা খতিয়ে দেখছেন।

জেলায় শান্তি ফেরাতে সীমান্তরক্ষী বাহিনী এবং পুলিশ যৌথভাবে কাজ করবে বলে বিএসএফ-এর আইজী জানান। ক্ষতিগ্রস্তদের সম্পূর্ণ নিরাপত্তার আশ্বাস দেন তিনি। যদিও কোনোরকম গুজব এড়াতে সেখানে ইন্টারনেট পরিষেবা বন্ধ রাখা হয়েছে।

oooooooooooooooooooo

মৌলালীর রামলীলা ময়দানে ওয়াকফ বিলের প্রতিবাদ বিক্ষোভ কর্মসূচীতে যোগ দিতে আসার সময় আইএসএফ কর্মী সমর্থকদের গাড়ি আটকানো হলে ভাঙরের বৈরামপুরে ব্যাপক উত্তেজনা সৃষ্টি হয়। ভাঙড়, মিনাখা, সন্দেশখালি সহ বিভিন্ন এলাকার আইএসএফ কর্মী সমর্থকরা মৌলালিতে আসার সময় পুলিশ বাধা দিলে উত্তেজনা ছড়ায়। ব্যারিকেড ভেঙে বিক্ষোভকারীরা এগিয়ে যাওয়ার চেষ্টা করলে পুলিশ লাঠি চালায়। তাদের কয়েকজন আহত হয়েছেন বলে আইএসএফ-এর দাবি।

পুলিশ অনুমতি না দেওয়ায় রামলীলা ময়দান থেকে মিছিল এখনই আম্বেকর মূর্তির পাদদেশ পর্যন্ত যাচ্ছে না।

এর পাশাপাশি উত্তর কাশীপুর থানা এলাকায় শোনপুরে নতুন করে উত্তেজনা ছড়িয়েছে। বেশ কয়েকটি বাইক ও পুলিশের গাড়িতে ভাঙচুরের পাশাপাশি আগুন লাগিয়ে দেওয়া হয়েছে বলে জানা যাচ্ছে।

oooooooooooooooooooo

রাজ্য সরকার চাইলে সংশোধিত ওয়াকফ আইন নিয়ে বিধানসভায় আলোচনা হতে পারে বলে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। ডক্টর ভিমরাও আম্বেদকরের জন্মজয়ন্তী উপলক্ষে আজ বিধানসভায় তার মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানানোর পর অধ্যক্ষ বলেন, প্রয়োজনে ওই আইনের বিরোধিতা করে একটি প্রস্তাব পাশ করানো যেতে পারে। এই আইন নিয়ে রাজ্যজুড়ে চলা বিক্ষোভ ও প্রতিবাদ আন্দোলন নিয়ে তিনি ক্ষোভ প্রকাশ করেন।

oooooooooooooooooooo

ওয়াকফ আইনের প্রতিবাদের নামে মুর্শিদাবাদে যে হিংসার ঘটনা ঘটেছে তাতে সিট গঠন করে আদালতের তত্ত্বাবধানে তদন্ত চেয়ে সুপ্রীমকোর্টে দায়ের হল মামলা। আইনজীবী শশাঙ্ক শেখর ঝা নামে এক ব্যাক্তি তদন্তের পাশাপাশি সাধারণ মানুষের জীবন ও সম্পত্তি যাতে সুরক্ষিত হয় সেই মর্মে শীর্ষ আদালতকে নির্দেশ দিতে আর্জি জানিয়েছেন।

oooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পুন্যার্থীদের সুবিধায় আজ শক্তিপীঠ কালীঘাট মন্দিরে নব নির্মিত স্কাইওয়াকের সূচনা করেছেন। কিছুক্ষণ আগে এক অনুষ্ঠানে এর উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, শান্তিপূর্ণ আন্দোলন করার অধিকার প্রত্যেকের রয়েছে। কিন্তু কোন পরিস্থিতিতেই আইন হাতে তুলে না নেওয়ার আবেদন জানান তিনি। কোনরকম প্ররোচনায় পা না দেওয়ার পাশাপাশি রাজ্যে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানিয়েছেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

উল্লেখ্য, ৪৩৫ মিটার দীর্ঘ এই স্কাইওয়াকটি তৈরীর কাজ শুরু হয় ২০২১-এর অক্টোবর মাসে। এখানে পাঁচটি প্রবেশ পথ রয়েছে। নিচে রয়েছে বারো ফুট চওড়া ফুটপাত। এর জন্য খরচ হয়েছে প্রায় ১০০ কোটি টাকা।

এদিকে, গুজব বা প্ররোচনায় পা না দিয়ে সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানিয়েছেন বামফ্রন্ট চেয়ারম্যান বিমা বসু।

০০০০০০০০০০০০০০০০০০

চাকরিতে পুনর্বহালের দাবিতে চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীদের একাংশ আজ দিল্লীর উদ্দেশে রওনা হয়েছে। ধর্মতলার ওয়াই চ্যানেলের ধর্না মঞ্চ থেকে একটি বাসে প্রায় ৬০ জন চাকরিহারাদের প্রতিনিধিদল আজ রওনা দেয়। আগামী বুধবার দিল্লির যন্তর মন্তরে তাদের প্রতিবাদ কর্মসূচি রয়েছে বলে জানিয়েছেন তারা।

এদিকে, ২০১৬-র SLST ও RLST চাকরি বাঁচাও কমিটির তরফে চাকরিহারা শিক্ষকদের একাংশ আজ কলেজ স্কোয়্যার থেকে সুবোধ মল্লিক স্কোয়্যার পর্যন্ত মিছিল করে।

এছাড়া আজ বিকেলে বি আর আম্বেদকরের জন্মজয়ন্তী উপলক্ষে ওয়াই চ্যানেলে আইনজীবী ও অবসরপ্রাপ্ত বিচারপতিদের নিয়ে বিশেষ কর্মসূচির আয়োজন করে যোগ্য শিক্ষক অধিকার মঞ্চ। তাঁদের চাকরিতে ফেরানো না হলে ১ থেকে ৭ই মে পর্যন্ত রিলে অনশন এবং ৮ই মে থেকে ধর্মতলার ওয়াই চ্যানেলে আমরণ অনশন শুরু করার হুঁশিয়ারি দিয়েছেন চাকরি হারানো শিক্ষক ও শিক্ষাকর্মীরা। ১৮ ও ১৯ এপ্রিল জেলায় জেলায় মিছিল, পথসভা ও গণস্বাক্ষর সংগ্রহ কর্মসূচি রয়েছে তাঁদের। বাইশে এপ্রিল রাজ্যপালের সঙ্গে দেখা করবেন তাঁরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলা বছরের শেষ দিনেই আজ আমরা এক প্রাক্তন সহকর্মীকে হারিয়েছি। আকাশবাণী কলকাতা কেন্দ্রের সংবাদ বিভাগের প্রাক্তন যুগ্ম অধিকর্তা পার্থ ঘোষ প্রয়াত। আজ সকালে সল্টলেকের একটি বেসরকারি হাসাপতালে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৬০ বছর। কিছু দিন যাবৎ অসুস্থ হয়ে তিনি ঐ হাসপাতালে ভর্তি ছিলেন। গত ৩১ শে ডিসেম্বরই সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশনের অধিকর্তা হিসাবে তিনি অবসর গ্রহণ করেন।

১৯৮৬ সালে পার্থ ঘোষ ইন্ডিয়ান ইনফরমেশন সার্ভিসে যোগ দেন। আকাশবাণী, দূরদর্শন ছাড়াও তিনি তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অন্যান্য সংস্থা যেমন প্রেস ইনফরমেশন ব্যুরো, সেন্ট্রাল বোর্ড অফ ফিল্ম সার্টিফিকেশান, সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন সহ একাধিক সংস্থায়  অত্যন্ত দক্ষতার সঙ্গে কাজ করেছেন। সদালাপী, সংবেদন ও সহানুভূতিশীল পার্থ ঘোষের প্রয়াণে কলকাতার সাংবাদিক মহলে শোকের ছায়া নেমে এসেছে। কলকাতা প্রেস ক্লাব তার তাঁর প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছে। সন্ধ্যায় উত্তর কলকাতার রতন বাবুর ঘাটে পার্থ ঘোষের শেষকৃত্য সম্পন্ন হয়।

oooooooooooooooooooo

আজ চৈত্র সংক্রান্তি। ১৪৩১ বঙ্গাব্দের শেষ হতে চলেছে। রাত পোহালেই নতুন ১৪৩২ বঙ্গাব্দের সূচনা হবে। চৈত্র সংক্রান্তিতে আজ রাজ্যের বিভিন্ন জায়গায় গাজন ও চড়কের মেলা শুরু হয়েছে।

হুগলীর তারকেশ্বর, নদীয়ার শান্তিপুরের জলেশ্বর, বর্ধমানের সিঙ্গি গ্রামের বুড়ো শিবের পুজো ও গাজন অনুষ্ঠিত হচ্ছে। এই উপলক্ষে মেলাও শুরু হয়েছে। চড়কের মেলায় আগুনঝাঁপ, কাঁটাঝাপ বানফোরা এখনও প্রচীন অনুসঙ্গ হিসাবে পালিত হয়ে আসছে।

oooooooooooooooooooo

পয়লা বৈশাখ আগামীকাল। নতুন বছর ১৪৩২-কে স্বাগত জানাতে চলছে শেষ মুহূর্তের প্রস্তুতি। বিভিন্ন দোকান সহ ব্যবসায়িক প্রতিষ্ঠানে হালখাতার জন্য তৎপরতা তুঙ্গে।

এদিকে, নতুন জামাকাপড় এবং অন্যান্য জিনিসপত্রে ঘর সাজিয়ে তুলতে চলছে বিকিকিনি। মিষ্টির দোকানগুলিতে আগের দিন রাত থেকেই ভীড় চোখে পড়ছে । বাজারে শাকসবজি ও ফলমূলের চড়া দাম স্বত্ত্বেও সাধ্যমত বাজার করে আনন্দে মেতে উঠতে প্রস্তুত বাঙালি।

০০০০০০০০০০০০০০০০০০

প্রতি বছরের মতো এবারেও পয়লা বৈশাখ মোহনবাগান, ইষ্টবেঙ্গলসহ বিভিন্ন ক্লাবে প্রথা মাফিক বার পুজোর আয়োজন করা হয়েছে। নতুন মরশুমে দলের সাফল্য কামনায় দীর্ঘ দিন ধরেই বাংলা নববর্ষের দিনে মাঙ্গলিক অনুষ্ঠানের আয়োজন করা হয়ে থাকে। পূজার্চনার শেষে সমর্থকদের মিষ্টি মুখ করানো হয়। কলকাতা ময়দানের বিভিন্ন ক্লাবগুলিকে সাজিয়ে তোলা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

দৃষ্টি প্রতিবন্ধীদের জাতীয় ক্রিকেট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে বাংলা। কলকাতায় আজ বাংলা, গোয়া কে ৫১ রানে হারিয়ে দেয়। এই নিয়ে পর পর তিনবার খেতাব জয় করল বাংলা। প্রথমে ব্যাট করে বাংলা চার উইকেটে ২৩৬ রান করে। জবাবে ব্যাট করতে নেমে নির্ধারিত ওভারে গোয়া ৮ উইকেট হারিয়ে ১৮৫ রান করে। ১২০ রান করে ম্যাচের সেরা হয়েছেন সুভাষ হালদার। সিরিজ সেরা হয়েছেন, অরিন্দম মন্ডল।

০০০০০০০০০০০০০০০০০০০

অনুকূল বায়ুপ্রবাহ এবং বঙ্গোপসাগর থেকে তীব্র আর্দ্রতা প্রবেশের কারণে, আগামী শুক্রবার পর্যন্ত রাজ্যের বেশিরভাগ জেলায় বজ্রপাত এবং তীব্র ঝড়ো হাওয়া

বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। আজ বীরভূম , পূর্ব ও পশ্চিম বর্ধমান এবং মুর্শিদাবাদ জেলায় বৃষ্টির সম্ভাবনা বেশি থাকায় কমলা সতর্কতা জারি করা হয়েছে।

এদিকে, আজ বাঁকুড়া ও পুরুলিয়ার বিভিন্ন অংশে কালবৈশাখীর ঝড়বৃষ্টির খবর এসেছে। কমেছে তাপমাত্রাও

oooooooooooooooooo

ooooooooooooooooooo